

তারিখ ... ১৬।৪।৮৩
পৃষ্ঠা ... ৫

(c9)

৫৩

মার্কশীট

গ্রেগরোস পরীক্ষার ফল বেরোনার পর মাসধিককাল অতিক্রম হয়েছে। কিন্তু রাজবাড়ি মহকুমার কেন কেন স্কুলে এখনো মার্কশীট পেয়েছেন। ফলে, ইচ্ছা কলেজে ভর্তি হতে পারছেন না। তারা নিজ নিজ স্কুলে মার্কশীট আনতে গিয়ে ফিরে আসছে। এদিকে বোর্ড কর্তৃপক্ষ কলেজগুলোকে ২১শে অক্টোবর মধ্যে ভর্তি'পর্ব' সমাপ্ত করার নির্দেশ দিয়েছেন। কেবল রাজবাড়ি নয়, মার্কশীট না পেয়েছেনোর অভিযোগ আরো অনেক স্কুল থেকেই পাওয়া গোছে। স্বতাবতই এটা ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকদের দৃশ্যমান করণ হয়ে দাঁড়িয়েছে। আর ব্যাপারটা আমদের কাছে বেথগম্যও নয়। মার্কশীট তো ইস্যু করা হয় বোর্ড থেকেই; ভর্তি'র শেষ তারিখও বোর্ডই নির্ধারণ করেন। সেক্ষেত্রে বোর্ড যদি একটা নির্দিষ্ট সময়ের মধ্যে মার্কশীট বন্টন সমাপ্ত করতে সক্ষম না হন তাহলে ভর্তি'র তারিখ বৈধে দেবারও তো অর্থ থাকতে পারে না। এই অবস্থায় কেন ছাত্র নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে তার দায়-দায়িত্ব নিশ্চয়ই তার। উপর বলতবে না, বর্তাবে খোদ বের্ডের উপরই। 'অথচ' অবস্থা এমনই দাঁড়িয়েছে যে দায়-দায়িত্ব ঘোরাই হোক, ক্ষতি সৰ্বীকার করতে হবে ছাত্রদেরকেই।

এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমরা মার্কশীট ইস্যু করার কাণ্ডটি তরাণ্বিত করার এবং ভর্তি'র সমস্যামূলক ব্যাপ্তি'র জন্ম সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অন্তরোধ জনাই।